



মোঃ মাকরুজ্জামান
উপসচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ

ইমেইল: prompa6@gmail.com

ওয়েব সাইট: www.mpa.gov.bd

ফেইজবুক পেইজ: মোংলা বন্দর সংবাদ “Mongla Port New”

“সংবাদ বিজ্ঞপ্তি”

মোংলা বন্দরে ঐতিহাসিক ৭ মার্চ, ২০২৩ উদযাপন

বাংলাদেশের স্বাধীনতার মহান স্থাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রদান করেন। ঐতিহাসিক ৭ মার্চ এই দিনটি উদযাপন উপলক্ষে মোংলা বন্দর নানামুখী কর্মসূচী গ্রহণ করে, বন্দরের ভবন সমূহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর “এবারের সংগ্রাম মুক্তির সংগ্রামসহ গুরুত্বপূর্ণ অংশ বিশেষ ড্রপডাউন ব্যানারের মাধ্যমে প্রচার এবং বন্দরের বিভিন্ন স্থানে ডিসপ্লেসহ ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রচার করা হয়। এছাড়াও সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা ও বন্দরের পতাকা উত্তোলন করা হয়। বন্দরের স্কুল সমূহে আলোচনা, কবিতা পাঠ, দোয়া মাহফিলের আয়োজন করা হয়। সকাল ১০.৩০ ঘটিকায় বন্দর সভাকক্ষে জাতির পিতার কর্মময় জীবনের উপর আলোচনা সভা ও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। আলোচনা সভার প্রধান অতিথি ছিলেন মোংলা বন্দরের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী ও সভাপতিত্ব করেন মোংলা বন্দর কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) মো: শাহীনুর আলম, এছাড়াও উপস্থিত ছিলেন কমডোর মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তরফদার, সদস্য (হারবার ও মেরিন), মো: ইমতিয়াজ হোসেন, সদস্য (প্রকৌশল ও উন্নয়ন) সহ বন্দরের অন্যান্য কর্মকর্তাগণ।

স্বাক্ষরিত/-
উপসচিব